দৈনিক সংবাদ

তারিখ 20 JAN 1993
পৃষ্ঠা ২ কলাম ৬

শিক্ষা ভবন ঘেরাও

# ছাত্রবৃত্তি বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহারের আশ্বাস

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ছাত্রবৃত্তি বন্ধের প্রতিবাদে গতকাল মঙ্গলবার ছাত্র ইউনিয়ন আয়োজিত শিক্ষা ভবন ঘেরাও কর্মসূচী চলাকালে সংগঠনের নেতৃবৃন্দের সঙ্গে আলোচনার সময় শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা ৭ দিনের মধ্যে ছাত্রবৃত্তি বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহার করবেন বলে আশ্বাস দিয়েছেন।

ঘেরাও কর্মসূচী চলাকালে অনুষ্ঠিত এক সমাবেশে বক্তৃতা করেন সাজ্জাদ জহির চন্দন, লতিফুল বারী হামীম, মনোয়ার মোস্তফা জলি প্রমুখ।

চট্টগ্রাম ঃ নিজস্ব বার্তা পরিবেশক জানান, অবিলম্বে ছাত্রবৃত্তি চালুর দাবিতে আহূত কর্মসূচীর অংশ হিসেবে ছাত্র ইউনিয়ন চট্টগ্রাম জেলা কমিটির উদ্যোগে এক ছাত্র গণজমায়েত গতকাল বিকেলে শহীদ মিলন চত্বরে ফজলে এলাহী মিলাদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সমাবেশে সরকারের শিক্ষানীতির সমালোচনা করে বক্তব্য রাখেন বিপ্লব চৌধুরী, শিমুল দত্ত, মনির হোসেন বিপুল প্রমুখ।

খুলনা ঃ জেলা বার্তা পরিবেশক জানান, বাংলাদেশ ছাত্র ইউনিয়ন খুলনা জেলা সংসদের উদ্যোগে গতকাল বিকেলে দৌলতপুরে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন ছাত্রনেতা উৎপল রায়। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি রুহিন হোসেন প্রিন্স। অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন পূর্ণেন্দু দে, এ, এস, এম শোয়েব ও সুব্রত সিকদার বাপী।

সমাবেশে ছাত্রনেতা এ, কে, এম বেদুইন ও মুহম্মদ আলীর মুক্তি দাবি করে একটি প্রস্তাব গ্রহণ করা হয়।